ঝিনাইদহে জাতীয় যুব দিবস পালিত

‘প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় যুব দিবস পালিত হয়েছে।জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে মঙ্গলবার সকালে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা অবমুক্ত করে দিবসের উদ্বোধন করা হয়। সেখানে গাছের চারা রোপন করা হয়।
পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভায় যুব উন্নয়নের উপপরিচালক মোঃ রিয়াজুল আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাইদ, জেলা তথ্য অফিসার আবুবক্কর সিদ্দীক, জেলা সমাজ সেবার কার্যলয়ের উপপরিচালক আব্দুল লতিফ শেখ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আনিচুর রহমানসহ অন্যান্যরা।
বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে প্রশিক্ষণ গ্রহণ করে উদ্ভাবনী ও উৎপাদনমুখী কর্মে যাওয়ার জন্য যুবদের আহ্বান জানান। আলোচনা সভা শেষে প্রশিক্ষিত যুবদের মাঝে সনদপত্র ও যুবঋণের চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে বিজিবির অভিযানে ফেনসিডিল ও মদসহ মিন্টু আটক

বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) বুড়িপোতা বিওপি ক্যাম্পের অভিযানে ফেনসিডিল ও ভারতীয় মদসহ মিন্টু হোসেন (৩৪) নামের এক মাদক কারবারী আটক হয়েছে।
আটক মিন্টু হোসেন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের কোলপাড়া এলাকার রুস্তুম আলীর ছেলে।
বুড়িপোতা গ্রামে অভিযান চালিয়ে তাকে ৪ বোতল ফেনসিডিল ও ২ বোতল ভারতীয় মদসহ মিন্টুকে আটক করে বিজিবি।
৬ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র বুড়িপোতা বিওপি ক্যাম্প

কমান্ডার নায়েক সুবেদার তোহিদুজ্জামান বলেন, সোমবার বিকালের দিকে বুড়িপোতা এলাকায় বিজিবির একটি টিম টহল দেওয়ার সময় মিন্টু হোসেনকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৪ বোতল ফেনিসিডিল ও ২ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।
মদ ও ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৪(ক)/২৪(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ৩৫, তারিখ ৩১/১০/২০২২ ইং
আজ সোমবার (১ নভেম্বর) দুপুরের দিকে মিন্টু হোসেনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জাতীয়দলের খেলোয়াড় পারভেজ মোশারফ ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ সংবর্ধিত

২১তম এশিয়ান অনুর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশীপ ২০২২ এ বাংলাদেশ জাতীয়দলের সর্ব কনিষ্ঠ খেলোয়াড় পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ, বাংলাদেশ জাতীয় ভলিবল দল ও বাংলাদেশ সেনাবাহিনীর ভলিবল দলের সাবেক অধিনায়ক আফজাল হোসেনকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।
শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলা পরিষদ চত্বরে গাংনী ভলিবল একাডেমী এ সংবর্ধনার আয়োজন করে।
আয়োজক কমিটির আহবায়ক ও সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হকের সভাপতিত্বে সংবর্ধণা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম।
এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জজ কোর্টের আইনজীবি আতাউল হক আন্টু, শিক্ষক নেতা সৈয়দ জাকির হোসেন,ক্রীড়া ব্যক্তিত্ব আমিনুল ইসলাম রতন, প্রভাষক শাহিনুজ্জামান, করমদী ডিগ্রী কলেজের শারীরিক শিক্ষক আবু সায়েম পল্টু, ক্রীড়া ব্যক্তিত্ব আতর আলী, সাহাবউদ্দীন মাস্টার, ক্রীড়াপ্রেমী রফিকুল ইসলাম, সংবর্ধিত আফজাল হোসেন ও পারভেজ মোশারফ প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন সাবেক ফুটবলার ও গাংনী উপজেলা

প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।
সংবর্ধিত পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ আফজাল হোসেনকে ক্রেষ্ট প্রদান করা হয়।

দেশে ২৪ ঘন্টায় আক্রান্ত ১৬ হাজারের বেশি, মৃত্যু ১৮

গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে আরো ১৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট প্রাণহানি হয়েছে ২৮ হাজার ২৫৬ জনের।

এ সময় নতুন রোগী শনাক্ত হয়েছে ১৬ হাজার ৩৩ জন। এখন পর্যন্ত মোট শনাক্ত হয়েছে ১৭ লাখ ১৫ হাজার ৯৯৭ জন।

আজ মঙ্গলবার (২৫ জানুয়ারি) স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শনাক্তের হার ৩২ দশমিক ৪০ শতাংশ।

গত বছরের জুলাইয়ে একদিনে ১৬ হাজার ২৩০ জন আক্রান্ত হয়েছিলেন।

পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ

শক্তিশালী পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের অবস্থান ১০৩তম। যৌথভাবে একই অবস্থানে আছে লিবিয়া ও কসোভো। গত বছরের অক্টোবরে পাসপোর্টের সর্বশেষ সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১০৮তম।

বাংলাদেশের পাসপোর্টধারীরা এখন থেকে আগাম ভিসা ছাড়া ৪০টি দেশে ভ্রমণ করতে পারেন। যুদ্ধবিধ্বস্ত দেশ আফগানিস্তান রয়েছে তালিকায় সবার নিচে। দেশটির নাগরিকরা ২৬টি দেশে ভিসা ছাড়া চলাচল করতে পারবেন।

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান দ্য হেনলি অ্যান্ড পার্টনার্স পাসপোর্টের নতুন সূচক প্রকাশ করেছে। কোন দেশের পাসপোর্ট দিয়ে কতটি দেশে ভিসামুক্ত ভ্রমণ করা যায় তার ওপর ভিত্তি করেই সূচকটি তৈরি করা হয়েছে।

সূচকে তালিকার প্রথম সারিতে রয়েছে জাপান, সিঙ্গাপুর, জার্মানি, দক্ষিণ কোরিয়া, ফিনল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, স্পেন, অস্ট্রিয়া,ডেনমার্ক, ফ্রান্স, নেদারল্যান্ডস, সুইডেনের মতো দেশগুলো।

জাপান এবং সিঙ্গাপুর যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। দেশ দুটির নাগরিকরা আগাম ভিসা ছাড়াই ১৯২টি দেশে ভ্রমণ করতে পারবেন। এরপর যৌথভাবে দ্বিতীয় অবস্থানে রয়েছে জার্মানি ও দক্ষিণ কোরিয়া। এই দুই দেশের নাগরিকরা আগাম ভিসা ছাড়া ১৯০টি দেশে যেতে পারবেন।

তালিকায় ভারত ৮৩, নেপাল ১০৫, পাকিস্তান ১০৮, সিরিয়া ১০৯ এবং ইরাক ১১০তম। অর্থাৎ পাসপোর্ট সূচকে ভারতে চেয়ে পিছিয়ে আছে বাংলাদেশ। তবে নেপাল এবং পাকিস্তানের চেয়ে এগিয়ে আছে।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট হচ্ছে মালদ্বীপের। সূচকের ৫৮তম অবস্থানে থাকা দেশটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়াই ৮৮টি দেশে ভ্রমণ করতে পারবেন। ১৭ বছর ধরে এই সূচক প্রকাশ করে আসছে দ্য হেনলি অ্যান্ড পার্টনারস। তিন মাস পর পর এ সূচক প্রকাশ করা হয়।

মেহেরপুরে ১ অক্টোবরের মধ্যে

আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীদের আবেদন আহবান

আগামী ১১ নভেম্বর অনুষ্ঠেয় মেহেরপুরের ৯টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ থেকে প্রত্যাশীদের আবেদন আহবান করা হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক এ আহবান জানান। আগামি ১ অক্টোবর শুক্রবারের মধ্যে জেলা আওয়ামী লীগের কার্যালয়ে আবেদন করার জন্য বলা হয়েছে।

প্রসঙ্গত, গত বুধবার বিকালে নির্বাচন কমিশন মেহেরপুরের ৯টি ইউনিয়নসহ সারাদেশের ৮৪৮টি ইউনিয়নের নির্বাচনের তফসিল ঘোষনা করেন। মেহেরপুরের ৯টি মধ্যে মুজিবগরের বাগোয়ান ইউয়িনে ইভিএম মেশিনে ভোট গ্রহণ করা হবে। বাকি ৮টিতে ব্যালট পেপারে ভোট গ্রহণ করা হবে। বাকি ৮টি ইউনিয়ন হচ্ছে মুজিবগরের মোনাখালী, দারিয়াপুর, মহাজনপুর এবং গাংনীর কাথুলী, মটমুড়া, তেতুলবাড়ীয়া, বামুন্দী ও সাহারবাটি।

২৪ ঘণ্টায় দেশে করোনায় মৃত্যু ৭, আক্রান্ত ২০৯

গত ২৪ ঘণ্টায় দেশে ২০৯ জনের দেহে করোনার সংক্রমণ পাওয়া গেছে। এছাড়া নতুন করে মৃত্যু হয়েছে আরো ৭ জনের।
আজ দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বুলেটিনে এ তথ্য জানানো হয়।

প্রসঙ্গত, গত ৮ই মার্চ বাংলাদেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয়। এরপর ধীরে ধীরে সংখ্যা বাড়লেও গত কয়েকদিনে তা কয়েকগুণ হয়েছে। চীনের উহান থেকে ছড়িয়ে পড়া ভাইরাসটি এখন সারাবিশ্বে দাপিয়ে বেড়াচ্ছে।

দেশে করোনায় একদিনে প্রাণ গেল আরও ৫ জনের, নতুন শনাক্ত ১৮২

প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সারা দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এছাড়া নতুন করে শনাক্ত হয়েছেন আরও ১৮২ জন।

দেশে করোনায় একদিনে শনাক্তের এই সংখ্যা সর্বোচ্চ।

এ নিয়ে দেশে করোনায় মোট মৃত্যু হলো ৩৯ জনের। আর মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৮০৩ জনে।

এছাড়া আক্রান্তদের মধ্যে নতুন করে সুস্থ হয়ে উঠেছেন আরও ৩ জন। এ নিয়ে মোট সুস্থ হলেন ৪২ জন।

সোমবার বেলা আড়াইটার পর অনলাইনে লাইভ ব্রিফিংয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এসব তথ্য জানান।

প্রকৃতি বাঁচলে বাংলাদেশ বাঁচবে

প্রকৃতি বাঁচলে বাংলাদেশ বাঁচবে বলে মত দিয়েছেন আলোচকরা। সোমবার বিকেলে শহরের খেয়া রেস্তোরাঁয় প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ বিষয়ক মত বিনিময় সভায় এ মত প্রকাশ করেন বক্তারা।

কুষ্টিয়ায় সম্মিলিত সামাজিক জোট এ মতবিনিময় সভার আয়োজন করে। সংগঠনের চেয়ারম্যান ড. আমানুর আমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন যশোর সার্কেলের বন সংরক্ষক মোল্লা রেজাউল করিম।

এসময় তিনি বলেন, পৃথিবীকে বাঁচাতে হলে একটি উপযোগী ইকোসিস্টেম দরকার। একমাত্র মানুষের সচেতনতাই তা সৃষ্টি করতে পারে। সম্মিলিত ভাবে কাজ করলে প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ সম্ভব। আমরা যশোর সার্কেলে ইউনিয়ন বৃক্ষ কমিটির মাধ্যমে ১ কোটি ফলজ গাছ রোপণ করা হবে। আপনার এলাকা, গ্রাম ইউনিয়নকে সবুজ সমারোহ ভরে দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য সম্মিলিত ভাবে ঐক্যবদ্ধ হয়ে একসাথে কাজ করার আহবান জানান তিনি।

ফটোগ্রাফী সোসাইটির সাধারণ সম্পাদক ও পাখি বিশ্লেষক এস আই সোহেলের সঞ্চালনায় বক্তব্য রাখেন, বিবিসিএফএর সভাপতি ড. এস এম ইকবাল, বাংলাদেশ পরিবেশ আন্দোলন কুষ্টিয়া শাখার সভাপতি নজরুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক অজয় সুরেকা, বার্ড ক্লাবের সহসভাপতি ফটিক, মানুষ মানুষের জন্য ফাউন্ডেশনের সভাপতি শাহাবুদ্দীন মিলন, সম্মিলিত সামাজিক জোটের নেতা মুহাইমিনুর রহমান পলল, সাফের নির্বাহী পরিচালক মীর আঃ রাজ্জাক, এনডিএফবিডির পক্ষ থেকে এস এম শামীম রানা, বিডিক্লিনের ইমরুল হক লিংকন, নোঙরের প্রিতম, গ্রীণ ভয়েসের এম আর সুইট প্রমুখ।

মানুষ মানুষের জন্য সংগঠনের সভাপতি শাহাবুদ্দিন মিলন বলেন, সবাই নিজ নিজ স্থান থেকে ঐক্যবদ্ধ হয়ে প্রকৃতি রক্ষায় কাজ করতে হবে। বসে থাকার সময় এখন নয়, তাই সকল সংগঠনকে ঐক্যবদ্ধ হয়ে একসাথে কাজ করার আহবান জানান।

পাখি বিশ্লেষক এসআই সোহেল বলেন, পাখি বেচে না থাকলে গাছ বাঁচবে না। প্রকৃতির সাথে পাখি ও গাছের সম্পর্ক নিবিড়। তাই আমাদের পুরো সমাজ তথা দেশটাকে বাচিয়ে রাখতে এগুলো বাঁচানো প্রয়োজন। এছাড়াও এই কুষ্টিয়ায় একটি পাখির অভয়াশ্রম গড়ে তুলতে চাই বলেও উল্লেখ করেন তিনি।

অজয় সুরেকা বলেন, গাছ বা পাখি বাঁচাবো কিভাবে এ চিন্তা অনেক মানুষের নেই। আমরা নাকি নদীমাতৃক দেশ। বাংলাদেশের দুর্ভাগ্য এখন নদী সংকটে ভুগছে। নদী দখল করছে অনেকেই। আমরা মনে করি দেশটা আমার৷ সামাজিক জোটের মাধ্যমে গাছ লাগিয়ে আমরা পরিবেশটাই বদলে দিতে পারি।

বার্ড ক্লাবের সহসভাপতি ফটিক বলেন, ১৬৮ ধরনের পাখি রয়েছে কুষ্টিয়ায়। বিপদাপন্ন ১৩ ধরনের পাখি পদ্মা সংলগ্ন চর এলাকায় দেখা মেকে। এগুলোকে রক্ষায় উদ্যোগ নিতে হবে।

দশের লাঠি একের বোঝা উল্লেখ করে অনুষ্ঠানের সভাপতি ড. আমানুর আমান বলেন, আমরা সামাজিক জোটে একে অন্যের পরিপূরক। একত্রে কাজ করলে পরিবেশ সংরক্ষণ সহ যেকোনো কল্যানমূলক কাজ বাস্তবায়ন করা যাবে।

মতবিনিময় সভায় জেলার ৪০ টি সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।